# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৮৫৬ তারিখঃ ২১/১২/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৯৪ তম কমিশন সভা অদ্য ২১/১২/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সভায়, Aamra Networks Limited -কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে cut-off price নির্ধারনের অনুমোদন প্রদান করা হয়েছে। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৫৬ কোটি ২৫ লক্ষ টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ BMRE, ডাটা সেন্টার প্রতিষ্ঠা, দেশের বিভিন্ন স্থানে Wi-Fi Hotspot প্রতিষ্ঠা করা, প্রাথমিক গণ প্রস্তাবের খরচ এবং ব্যাংক লোন পরিশোধ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী নেট অ্যাসেট ভ্যালু (NAV) ২১.৯৮ টাকা এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী Weighted average শেয়ার প্রতি আয় (EPS) ২.৫২ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investment Limited।

২. স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে ৩১ ডিসেম্বর ২০১৬ সমাপ্ত বৎসরে উদ্ভূত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (Un-realized loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংরক্ষণের জন্য সময় বৃদ্ধির বিষয়ে ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ ও বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত কমিশনের নির্দেশনা নং-এসইসি/সিএসআরআরসিডি/২০০৯-১৯৩/১৮১, তারিখঃ ডিসেম্বর ৮, ২০১৫ইং এর অনুরূপ প্রভিশন সংরক্ষণের সময় বৃদ্ধির ঐচ্ছিক সুবিধা গ্রহণের বিষয়টি অনুমোদন করেছে, যা এককালীন সংরক্ষণের পরিবর্তে ডিসেম্বর ২০১৬ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণ করা যাবে।

৩. The Premier Bank Limited এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Fixed Rated Coupon Bearing Subordinated Bond। বন্ডটি ০৫ বছরে Full Redemption হবে। উল্লেখ্য, The Premier Bank Limited এই বন্ড প্রাইভেট প্লেসমেন্টে ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে ব্যাংকটির মূলধন ভিত্তি শক্তিশালী করবে। The Primer Bank Limited, Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে RACE Portfolio and Issue Management Limited এবং Multi Securities and Services Limited কাজ করছে।

৪. Bank Asia Limited এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Floating Rate Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, The Premier Bank Limited এই বন্ড প্রাইভেট প্লেসমেন্টে ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tire II Capital Base Strengthen এর শর্ত পূরণ করবে। Bank Asia Limited, Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Green Delta Insurance Co. Ltd কাজ করছে।


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৫. এছাড়াও কমিশন, United Airways (BD) Limited এর প্রতিটি ১০ টাকা মূল্যের ৩১,২৮,০৮,৮০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বর্তমান শেয়ার হোল্ডারগণের বাইরে (other than existing shareholders) পূর্বে অনুমোদিত Swift Air Cargo Pte. Limited এর পরিবর্তে নিম্নোক্ত কোম্পানীসমূহকে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। কোম্পানীসমূহ ও ইস্যুকৃত শেয়ার নিম্নরূপঃ

| Sl No | Name of Proposed shareholders | Quantity of shares | Value of share | Total amount | Model of Aircraft |
|---|---|---|---|---|---|
| 1 | Swift Air Cargo Pte Limited | 5,28,08,800 | 10 | 52,80,88,000 | Boeing MD-83 |
| 2 | Sterling Aerospace Limited | 5,20,00,000 | 10 | 52,00,00,000 | Airbus A 340-313 |
| 3 | A-sonic Aviation Solutions Pte. Limited, Singapore | 5,20,00,000 | 10 | 52,00,00,000 | Boeing MD-83 |
| 4 | Arctic Tern Aviation Pte. Ltd. Singapore | 5,20,00,000 | 10 | 52,00,00,000 | ATR 72-500 |
| 5 | Phoenix Aircraft Investment (LABUAN) Bhd, Malaysia | 5,20,00,000 | 10 | 52,00,00,000 | ATR 72-500 |
| 6 | Black Turnstone Aviation Pte. Ltd. Singapore | 5,20,00,000 | 10 | 52,00,00,000 | ATR 72-500 |
| | **Total** | **31,28,88,000** | | **312,80,88,000** | |

এই অনুমোদনের মাধ্যমে United Airways (BD) Limited মোট ৩১,২৮,০৮,৮০০ টি শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যে উপরে উল্লিখিত কোম্পানী সমূহকে ইস্যুর মাধ্যমে সর্বমোট ৩১২,৮০,৮৮,০০০/- টাকা উত্তোলন করে ৭টি এয়ারক্রাফট কিনবে। উল্লেখ্য, উক্ত ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে ICB Capital Management Limited নিয়োজিত রয়েছে।

27/12/2011

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।